



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০১৯/ ২২২১০

তারিখ: ১৭/০৯/২০১৯

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা

প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।
উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস ০১ অক্টোবর ২০১৯ তারিখ থেকে শুরু হবে।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।	২৩/০৯/২০১৯ থেকে ২৮/০৯/২০১৯
খ)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	২৪/০৯/২০১৯ থেকে ২৯/০৯/২০১৯
গ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ:	২৪/০৯/২০১৯ থেকে ৩০/০৯/২০১৯
ঘ)	সংশ্লিষ্ট কলেজকে শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [জনপ্রতি থেকে ৪৮৫/- (চারশত পঁচাশি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সম্বন্ধী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় সোনালী সেবার মাধ্যমে জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	০১/১০/২০১৯ থেকে ০৭/১০/২০১৯
ঙ)	দৃষ্টি আকর্ষণ কলেজ কর্তৃপক্ষকে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জমাতে হবে।	

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৬৮, ০২-৯২৯১০৮৪
ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০১৮/২০১৯/

তারিখ: /০৯/২০১৯

অনুলিপি :

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি।

(মো: কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪